লাগাতার আন্দোলন চালিয়ে যাবে গণতন্ত্র মঞ্চ

[illegible]

সংবাদ সম্মেলনে জাসদের অনুসারী পরিষদের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শেখ রফিকুল ইসলাম বাবলু, জাতীয় সমাজতান্ত্রিক দলের সাধারণ সম্পাদক শহীদ উদ্দিন মাহমুদ স্বপন, নাগরিক ঐক্যের সাধারণ সম্পাদক শহীদুল্লাহ কায়সার প্রমুখ উপস্থিত ছিলেন।

রত্নগর্ভা নূরজাহান বেগমের ১ম মৃত্যুবার্ষিকী আজ

[illegible]

প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছে জাপানসহ ২১ দেশ

[illegible]

ঝিনাইদহে নৌকার সমর্থককে নৃশংসভাবে কুপিয়ে হত্যা

ঝিনাইদহ প্রতিনিধি: ঝিনাইদহ শহরের হামদহ এলাকায় সাবেক ছাত্রলীগ নেতা ও পূজা উদযাপন পরিষদের সদস্য বরুণ কুমার ঘোষ (৪২) নামে এক আওয়ামী লীগের কর্মীকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। মঙ্গলবার সন্ধ্যা ৭টার দিকে শহরের ঘোষপাড়া মোড়ে এই হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। বরুণ ঘোষ শহরের হামদহ এলাকার ঘোষপাড়ার নরেন চন্দ্র ঘোষের ছেলে। ঝিনাইদহ পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক বিনয় কৃষ্ণ জানান, মঙ্গলবার সন্ধ্যার দিকে শহরের ঘোষপাড়া মোড়ের এক চায়ের দোকানে যান বরুণ ঘোষ। এ সময় আগে থেকে ওত পেতে থাকা সন্ত্রাসীরা তাকে নৃশংসভাবে কুপিয়ে আহত করে। তাকে দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। বিনয় কৃষ্ণ অভিযোগ করেন, নৌকার পক্ষে ভোট করায় তাকে কুপিয়ে হত্যা করা হয়েছে। ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. সুলতানা মেহতাবুল জান্নাত জানান, হাসপাতালে আনার আগেই তার মৃত্যু হয়েছে। তার দুই পা ও শরীরের বিভিন্ন স্থানে গভীর ক্ষতের চিহ্ন রয়েছে। অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়েছে। এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার ওসি শাহিন উদ্দীন জানান, হামদহ এলাকায় বরুণ নামে একজনকে হত্যা করা হয়েছে। কে বা কারা হত্যা করেছে তা পুলিশ তদন্ত করে দেখছে।

নূর মোহাম্মদ গ্রামীণ ব্যাংকের নতুন ব্যবস্থাপনা পরিচালক

[illegible]

ব্রাহ্মণবাড়িয়া সদরে নৌকার বিরোধিতা

দল থেকে বিদায় ৩ নেতার

[illegible]

'এই নির্বাচন দেশ-বিদেশে গ্রহণযোগ্যতা পাবে না'

স্টাফ রিপোর্টার: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৪ পার্সেন্ট ভোট প্রদান করায় এই নির্বাচন দেশ ও বিদেশে গ্রহণযোগ্যতা পাবে না বলে মন্তব্য করেছে বাংলাদেশ জনতা পার্টি। মঙ্গলবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে বাংলাদেশ জনতা পার্টির সমন্বয়কারী ওমর ফারুক ও মুখপাত্র মো. আশরাফ উদ্দিন এ মন্তব্য করেন।

নেতৃবৃন্দ বলেন, ৪ পার্সেন্ট ভোট প্রদান করায় এই নির্বাচন দেশ ও বিদেশে গ্রহণযোগ্যতা পাবে না। পাশাপাশি তারা দেশের সকল বিরোধী দলকে কঠোর কর্মসূচি নিয়ে ফ্যাসিস্ট শেখ হাসিনা সরকারকে পদত্যাগে বাধ্য করে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠানের দাবি জানান। তারা বলেন, সংসদে কেবলমাত্র একটি দল আওয়ামী লীগ নৌকা ও আওয়ামী লীগ স্বতন্ত্র এবং জাতীয় পার্টির ১১ জন প্রার্থী। এরাও আওয়ামী লীগের অনুসারী।

[illegible]-এর ১৬তম মৃত্যুবার্ষিকীতে

[illegible]

৯ই জানুয়ারি সাবেক মার্কিন কংগ্রেস সদস্য ও বর্তমানে United States-Bangladesh Friendship Group এর নির্বাহী পরিচালক Mr. Jim Bates বাংলাদেশের প্রথম অত্যাধুনিক ও দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহত্তম [illegible]

হারিয়েছে

আমার এসএসসি মূল রেজি নং-১১১১৪১, রোল নং-৫৪৭৩৫৮, বিভাগ- বিজ্ঞান, শিক্ষাবর্ষ- ১৯৯৮-৯৯, পাসের সন- ২০০০, বোর্ড- কুমিল্লা হারিয়েছে। [illegible] জিডি নং-৩৬৯, তারিখ: ০৮/০১/২০২৪ ইং।

সজীব মজুমদার

মাজপ্রতি-৫০/২৪

হারিয়েছে

আমার ছেলে সেতার তুষারের এসএসসি পরীক্ষার মূল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড হারিয়েছে। যাহার রোল নং-৫৩৪০৪৯, রেজিস্ট্রেশন নং-২০১০৭০০১৭২। শিক্ষাবর্ষ: ২০২১-২০২২। ঢাকা বোর্ড, বিভাগ: ব্যবসায় শিক্ষা। এ ব্যাপারে মুগদা থানায় আলাদা আলাদা জিডি করা হয়েছে। জিডি নং-৩৯৫ এবং ৩৯৬, তারিখ: ০৯-০১-২০২৪।

ছেলের পক্ষে শ্যামলী আক্তার

মাজপ্রতি-৫২/২৪

হারিয়েছে

আমার যশোর শিক্ষা বোর্ডের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ২০২০ সালের এসএসসি পরীক্ষার মূল মার্কশিট হারিয়েছে। যাহার রেজিস্ট্রেশন নং-১৭১৩১২৮১৫৪, রোল নং-১১৯৩২৮। উল্লাপাড়া মডেল থানার জিডি নং-৭৮৩, তারিখ: ১৬-১১-২০২৩ ইং।

ইসকার এহসান
পিতা: শেখ এহসান আনোয়ার

মাজপ্রতি-৪১/২৪

হারিয়েছে

আমার লিংকন এন্টারপ্রাইজ-এর এমবি বই সেগুনবাগিচার আন্তর্জাতিক মাতৃভাষা ভবনের সামনে থেকে হারিয়ে যায়। এমবি বুক আইডি নং-৪১৫৮৫৪, সিরিয়াল নং-১১৯৮৯, এমবি বুক লাস্ট ইস্যুর তারিখ: ১১/০৬/২০২৩। এমবি বইটি শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর (ঢাকা মেট্রো)। রমনা থানার জিডি নং-১৯৭, তারিখ: ০৪/০১/২০২৪।

মাজসি-৬৭/২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর সংশ্লিষ্ট [illegible] পাইকপাড়া মডেল হাইস্কুল, ডাকঘর: বনবাড়ীয়া, উপজেলা: সিরাজগঞ্জ সদর, জেলা: সিরাজগঞ্জ-এ (শিক্ষা মন্ত্রণালয়ের স্বীকৃত/বৃত্তিমূলক/ভোকেশনাল ট্রেড কোর্স অনুমোদনপ্রাপ্ত), এসএসসি (ভোকেশনাল শাখা) ট্রেড ইন্সট্রাক্টর (জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস) ও (ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি) পদে ০১ (এক) জন করে মোট নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদের কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেডে এইচএসসি (ভোকেশনাল)/(ব্যবসায় ব্যবস্থাপনা) ২য় বিভাগ (সমমান সিজিপিএ) সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক)টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর। শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, দুই কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ ১০০০/- টাকার ব্যাংক ড্রাফট জনতা ব্যাংকে মাসুমপুর শাখার অনুকূলে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনেরো) দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে।

প্রধান শিক্ষক
পাইকপাড়া মডেল হাইস্কুল
বনবাড়ীয়া, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

মাজসি-৫৭/২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি বিধি মোতাবেক বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল-কলেজ)-এর জনবল কাঠামো ও এমপিও নীতিমালা -২০২১ অনুযায়ী আলোয়াখোয়া বালিকা উচ্চ বিদ্যালয়, ডাকঘর: বর্ষালুপাড়া, উপজেলা: আটোয়ারী, জেলা: পঞ্চগড়-এর জন্য শূন্যপদে (১) অফিস সহায়ক একজন ও (২) পরিচ্ছন্নতাকর্মী একজন আবশ্যক। আগ্রহী প্রার্থীদেরকে সোনালী ব্যাংক লিঃ আটোয়ারী শাখা, পঞ্চগড়-এর অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, দুই কপি ছবি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করার জন্য আহ্বান করা হলো।

প্রধান শিক্ষক
আলোয়াখোয়া বালিকা উচ্চ বিদ্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।

মাজপ্রতি-৪৩/২৪

সংশোধন

আমার পিতার প্রকৃত নাম 'মো: জয়নাল আবেদীন' (MD ZOYNAL ABEDIN) লেখা থাকলেও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রদত্ত আমার জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা/ ২০১৮ পাস সনদপত্র যাহার রেজিঃ নং-১৮১৮৮৩৯৮১৪, রোল নং-২৩৭১০১ এবং বাংলাদেশ টেকনিক্যাল শিক্ষা বোর্ড ঢাকা কর্তৃক প্রদত্ত সেকেন্ডারি স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা/২০২১ইং পাস সনদপত্র যাহার রেজিঃ নং-২৭০০১২৪১৯১/২০১৯-২০, রোল নং-৪৪৭৭৯৬-তে এবং মার্কশিট-এ এবং বাংলাদেশ টেকনিক্যাল শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক (এইচএসসি) (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষা/২০২৩ইং রেজিঃ নং-৪৪০০০০৫০২৩, রোল নং-২৯৬৬৩৮-তে ভুলবশত আমার পিতার নাম মো: জয়নাল মিয়া (MD JOYNAL MIA) লেখা হয়েছে। প্রকৃতপক্ষে মো: জয়নাল মিয়া (MD JOYNAL MIA) স্থলে 'মো: জয়নাল আবেদীন (MD ZOYNAL ABEDIN) হবে।

মো: সোহাগ মিয়া
জাতীয় পরিচয়পত্র নং-৫০৭০২৫৮২১৪

মাজপ্রতি-৪৪/২৪

আবশ্যক

ঝালকাঠি জেলাধীন কাঁঠালিয়া উপজেলা, ডাকঘর: আমুয়া, আমুয়া [illegible] দাখিল মাদ্রাসার জন্য বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) ও সর্বশেষ পরিমার্জন অনুযায়ী এমপিও পদসমূহে ০১ (একজন) ইবতেদায়ী প্রধান, বেতন গ্রেড-১১, ফাজিল/সমমান ডিগ্রী (এনটিআরসিএ কর্তৃক নিবন্ধনপ্রাপ্ত/ইবতেদায়ী মৌলভী পদে ০৮ বছরের অভিজ্ঞতাসম্পন্ন) ও ০১ জন অফিস সহকারী কাম হিসাব সহকারী, বেতন গ্রেড-১৬ আলিম/এইচএসসি/সমমান আবশ্যক। ইবতেদায়ী প্রধান পদে ১০০০/- টাকা ও অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে ৫০০/- টাকার অফেরতযোগ্য পোস্টাল অর্ডার ও প্রয়োজনীয় কাগজপত্রসহ অধ্যক্ষ বরাবর আবেদন করার শেষ তারিখ: ২২/০১/২০২৪খ্রিঃ বিকাল ৪.০০টা।

অধ্যক্ষ
মোবাইল নং-০১৭৬৬৬৪৩৮৬৫

মাজসি-৫৬/২৪

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) মোতাবেক বগুড়া দাখিল মাদ্রাসা, ডাক: চকপাড়াহাটি, ডাক: সুখানপুকুর, উপজেলা: সোনাতলা, জেলা: বগুড়া শূন্যপদে ১ নং সহকারী সুপারিনটেনডেন্ট একজন কামিল পাস, সর্বশেষ ডিগ্রী ব্যতীত শিক্ষাজীবনে যে কোন একটিতে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য। বেতন গ্রেড: ০৮, স্কেল: ২৩,০০০/- টাকা, সহকারী মৌলভী পদে দশ বছরের অথবা ইবতেদায়ী প্রধান পদে পনেরো বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে এবং নবসৃষ্ট পদে ২ নং পরিচ্ছন্নতাকর্মী একজন, ৩ নং আয়া (মহিলা) একজন, বেতন গ্রেড: ২০, স্কেল: ৮,২৫০/- টাকা, শিক্ষাগত যোগ্যতা: জেডিসি/জেএসসি/সমমান পাস আবশ্যক। আগ্রহী প্রার্থীকে আগামী ২৪/০১/২০২৪ইং তারিখের মধ্যে ২ কপি ছবি জেটির আইডি কার্ডের ফটোকপি ও প্রয়োজনীয় কাগজপত্র (অফেরতযোগ্য) ০১ নং পদের জন্য ১০০০/- টাকা, ০২ ও ০৩ নং পদের জন্য ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, জোড়গাছা শাখা, বগুড়া। হিসাব নং-৬৫১৪-এর অনুকূলে সুপার বরাবর আবেদন করার আহ্বান করা হলো। প্রকাশ থাকে যে, ইতিপূর্বে যাহারা আবেদন করিয়াছেন, তাহাদের আবেদন করার প্রয়োজন নাই।

সুপারিন্টেনডেন্ট

মাজসি-৫৮/২৪

হারিয়েছে

আমার এসএসসি পরীক্ষার মূল সার্টিফিকেট, যাহার রোল নং-১৭১৮০, রেজি. নং-১১১১৩৯৯৭২৮, শিক্ষাবর্ষ-২০১২-২০১৩, পাসের সন-২০১৪, বিভাগ-বিজ্ঞান, কুমিল্লা শিক্ষা বোর্ড হারিয়েছে। মনোহরগঞ্জ থানার সাধারণ ডায়েরি (জিডি) নং-৩১২, তারিখ: ০৮/০১/২০২৪ইং।

তানজিলা হোসেন

মাজপ্রতি-৫২/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, ঢাকা।

স্মারক নং - ০১.০১.০০৯.০০০০.২০২৩-৬৩৭৯ তারিখ: ২৬-১২-২০২৩ইং

যেহেতু নিম্ন তফসিলে উল্লেখিত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী রহিয়াছে এবং যেহেতু ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ৮৭ ধারা ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে।

এবং অত্র আদালতে বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, অত্র আদালতে বিচারার্থে উক্ত আসামীর সোপর্দ/গ্রেপ্তার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং উক্ত আসামীর শীঘ্রই গ্রেফতার করিবার সম্ভাবনা নাই।

এক্ষণে যেহেতু উক্ত কার্যবিধির ৩৩৯ বি (১) ধারার বিধান অনুযায়ী উক্ত আসামীর নিম্ন তফসিল তাহার নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য আদেশ জারী হইবার ১০ দিনের মধ্যে বিজ্ঞ এম.এম. কোর্ট -০৮, ঢাকায় হাজির হইবার নির্দেশ দেওয়া যাইতেছে। অন্যথায় তাহার অনুপস্থিতিতেই বিচার কার্য সমাধা করা হইবে।

তফসিল

আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
Mr. Jahangir Alam, Son of Md. Hafiz Ulla Bhuiya, & Late, Saleha khatun Address at- House No-957, Purbachal Steel Mill Road Word No-34, Post office- National University, Police Station-Gazipur Sadar, District: Gazipur And House No-507/2, Ashoya Monjil, Uttar Kafrul, Post Office: Dhaka Cantonment-1206, Police Station- Kafrul, Dhaka City Corporation, Dhaka. And Usha Enterprise, K-285, BIDC Road, Gazipur Sadar, Gazipur.	সি,আর, মাঃ নং-৯১১/২০২৩ ধারাঃ এন,আই, এ্যাক্ট এর ১৩৮

অতিঃ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (জে.এম শাখা)।

পত্রিকা বিজ্ঞপ্তি
বিবাদীগণের প্রতি নোটিশ

(অর্থঋণ আদালত আইনের ৭(১) ধারা মতে)
মাননীয় অর্থঋণ ও যুগ্ম জেলা জজ ২য় আদালত, সিলেট।
অর্থঋণ মোকদ্দমা নং ৪৫/২০১৫ইংরেজি

পূবালী ব্যাংক লিঃ, সিলেট শাখা, সিলেট ---------- বাদী
বনাম
মেসার্স এম.এ.জে এন্টারপ্রাইজ, প্রোঃ মিছবাহ আহমদ জগলু গং --- বিবাদীগণ।

প্রতি, ৩(ক) ফরহাদ আহমদ, ৩ (খ) তিলশিমা বেগম, ৩ (গ) আরশা বেগম, ৩ (ঘ) লিপুকা বেগম, ৩ (ঙ) পূতকা বেগম, ৩ (চ) শেফা বেগম, ৩ (ছ) মিনা বেগম, সর্ব পিতা: মৃত আইয়ুব আলী, ৩ (জ) সায়না বেগম, স্বামী-মৃত আইয়ুব আলী, সর্ব সাকিন-দক্ষিণ ইসলামপুর, ডাকঘর: ইসলামপুর, থানা: শাহপরাণ (রহ.), জেলা: সিলেট। ---------- বিবাদীগণ।

যেহেতু, বাদী ব্যাংক আপনার/আপনাদের পূর্ববর্তী আইয়ুব আলীসহ অন্যান্য বিবাদীগণের বিরুদ্ধে অত্র মোকদ্দমা দায়ের করতঃ বিগত ২৭/০৬/২০১৫ইং তারিখ পর্যন্ত ১২,০৬,১২৫/- (বারো লক্ষ ছয় হাজার একশত পঁচিশ) টাকা পাওনা দাবী করিয়াছেন এবং ইতোপূর্বে আপনি/আপনাদের পূর্ববর্তী আইয়ুব আলী মৃত্যুবরণ করায় তাহার উত্তরাধিকারী হিসাবে আপনি/আপনাদেরকে অত্র মোকদ্দমায় পক্ষভুক্ত করা হইয়াছে। সেইহেতু এতদ্বারা আপনি/আপনাদেরকে জানানো যাইতেছে যে, ইহাতে আপনি/আপনাদের কোন জবাব থাকিলে তাহা আগামী ০৫/০২/২০২৪ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় অত্রাদালতে উপস্থিত হইয়া বরং অথবা নিযুক্তীয় কৌশলীর মাধ্যমে দাখিল করিবেন। অন্যথায় আপনি/আপনাদের অনুপস্থিতে একতরফা মতে শুনানী ও নিষ্পত্তি করা হইবে।

অদ্য ২০২৩ ইংরেজি ৩০/১১ তারিখে আমার স্বাক্ষর ও আদালতের মোহরযুক্তমতে দেওয়া গেল।

আদালতের আদেশক্রমে
সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ ২য় আদালত, সিলেট।

Government of the People's Republic of Bangladesh
Local Government Engineering Department
Office of the Upazila Engineer
Nalchity, District: Jhalokathi
www.lged.gov.bd

Memo No:-46.02.0000.4273.14.003.24-24 Date: 09/01/2024

Tender Notice No-10/2023-24 (NOTM)

e-Tender is hereby invited in the National e-GP System(NOTM) Portal (http:/ www.eprocure.gov.bd) for the procurement of following work .

Scanned with ACE Scanner

বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন

রাজনৈতিক ইতিহাসে এটি একটি অবিস্মরণীয় ও ঐতিহাসিক দিন হিসেবে চিহ্নিত হয়ে আছে।

স্বয়ং জাতির জনক তাঁর এ স্বদেশ প্রত্যাবর্তনকে আখ্যায়িত করেছিলেন অন্ধকার হতে আলোর পথে যাত্রা। ১৯৭১ সালের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণে বঙ্গবন্ধু ঘোষণা দিয়েছিলেন এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। বঙ্গবন্ধুর এ ঘোষণার পর ২৫ মার্চ কালরাতে পাকিস্থানী সেনাবহিনী নিরস্ত্র বাঙ্গালীর উপর অতর্কিত হামলা চালায়। অপারেশন সার্চলাইট নামের এ অভিযানের শুরুতেই পাক হানাদাররা বাঙ্গালীর অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তাঁর ধানবান্ডির বাসা থেকে বন্দী করে নিয়ে যায়। গ্রেফতারের আগ মুহুর্তে স্বাধীনতার ঘোষণা দিয়ে যান জাতির পিতা বঙ্গবন্ধু।

গ্রেফতার করে পাকিস্থানের কারাগারে বন্দী করা হলেও তাঁর অনুপস্থিতিতে বঙ্গবন্ধুর নামেই চলে মুক্তিযুদ্ধ। বাঙ্গালী যখন প্রতিরোধ যুদ্ধ গড়ে তুলেছে ঠিক তখনি বঙ্গবন্ধু পাকিস্তানের কারাগারে প্রহসনের বিচারে ফাঁসির আসামি হিসেবে মৃত্যুর প্রহর গুনছিলেন। কারাগারে বঙ্গবন্ধুর সেলের পাশে তাঁর জন্য কবর পর্যন্ত খোঁড়া হয়েছিলো। কিন্তু বাঙ্গালীর স্বাধীনতা মুক্তির প্রশ্নে ফাঁসির আসামি হয়েও বঙ্গবন্ধু ছিলেন অবিচল, আপোষহীন।

স্বাধীনতাকামী জনতা দীর্ঘ নয় মাস মহান মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে দেশকে স্বাধীন করার পাশাপাশি বঙ্গবন্ধুর মুক্তির দাবিতেও বিশ্বব্যাপি জনমত গড়ে তোলে।

তিনি দেশে ফিরে এলে তাঁকে একঝলক দেখার জন্য প্রত্যন্ত গ্রামাঞ্চল থেকে শুরু করে প্রতিটি শহর-বন্দরের লাখো আবালবৃদ্ধ বনিতা উপস্থিত হয়েছিলেন ঢাকা নগরীতে। মহীয়ান নেতা ঢাকায় নেমে চোখের পানি ফেলেছিলেন, লাখো বাঙ্গালীও আবেগাপ্লুত হয়ে অন্তরের ভালোবাসা দিয়ে বরণ করেছিলেন সবার কন্ঠে উচ্চারিত হয়েছিলো জয় বাংলা, জয় বঙ্গবন্ধু, তোমার নেতা আমার নেতা শেখ মুজিব, শেখ মুজিব। একজন নেতা একটি জাতির কাছে কত কাছের মানুষ, কত প্রাণের মানুষ হতে পারেন ১০ জানুয়ারির প্রতীক্ষমান মানুষের ঢল ও আবেগ তার অনন্য উদাহরণ হয়ে আছে।

জনগণের মাঝে ফিরে এসে দেশ গড়ার শপথের আহবান জানিয়েছিলেন বঙ্গবন্ধু। সেদিন আন্তর্জাতিক পর্যায়ে বঙ্গবন্ধু বাংলাদেশের মর্যাদাকে সমুন্নত রাখার অঙ্গীকার ব্যক্ত করেন। এখন বঙ্গবন্ধুর অসমাপ্ত কাজ পূর্ণাঙ্গ বাস্তবায়নের দায়িত্ব আমাদের সকলের।

দিবসটি উপলক্ষে জেলা আওয়ামীলীগের উদ্যোগে বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয়েছে।

কর্মসূচীর মধ্যে রয়েছে সকালে জেলা আওয়ামীলীগ কার্যালয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মাল্যদান, জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন। বিকাল ৩টায় দলীয় কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে বলে জেলা আওয়ামীলীগের সভাপতি এ্যাডঃ কে এম হোসেন আলী হাসান জানিয়েছেন।

জেলা আওয়ামীলীগের আয়োজনে

ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব আব্দুস সামাদ তালুকদারে আহবানে দোয়া ও স্মরণ সভা অনুষ্ঠিত হয়।

এ সময়ে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, সিরাজগঞ্জ জেলা আওয়ামীলীগের সাবেক সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবু ইউসুফ সূর্য, বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট বিমল কুমার দাস, সিরাজগঞ্জ পৌরসভার মেয়র সৈয়দা আব্দুর রউফ মুক্তা, বীর মুক্তিযোদ্ধা ইসহাক আলী, সিরাজগঞ্জ সদর থানা আওয়ামীলীগের সভাপতি এডভোকেট হাকিম, সাধারণ সম্পাদক নরুল ইসলাম সজল, জেলা মহিলা আওয়ামীলীগে সাধারণ সম্পাদক অধ্যাপিকা হাসনা হেনা, জেলা সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক জেহাদ আল ইসলাম, সাবেক এজিএস ও জেলা যুবলীগের সদস্য আরিফুল ইসলাম শিপন প্রমুখ।

বক্তাগণ বলেন, বীর মুক্তিযোদ্ধা শহিদুল ইসলাম তালুকদার ছিলেন সৎ ও বিনয়ী।

তার আদর্শ ও দেশপ্রেমের কারণে তিনি এখনো আমাদের মনে বেঁচে আছেন। তার নেতৃত্ব ও দূরদর্শিতার সিদ্ধান্ত কারণে সিরাজগঞ্জ জেলা আওয়ামীলীগের দুঃসময়ে নেতাকর্মীদের নিয়ে দলীয় কার্যক্রম প্রতিষ্ঠা করেছেন।

সিরাজগঞ্জের ৬টি আসনে

৬টি সংসদীয় আসনে নির্বাচনে অংশ নেওয়া ৩১জন প্রার্থীর মধ্যে ২২জন প্রার্থীই জামানত হারিয়েছেন। ঘোষিত ফলাফল অনুযায়ী, সিরাজগঞ্জ-১-আসনে (কাজিপুর ও সিরাজগঞ্জ সদরের একাংশ) মোট বৈধ ভোট পড়েছে ২ লাখ ৮৩ হাজার ২৮৬। ৪জন প্রার্থীর মধ্যে নৌকা প্রতিকের তানভীর শাকিল জয় ২ লাখ ৭৮ হাজার ৯৭১ ভোট পেয়ে টানা দ্বিতীয় বারের মত সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। বাকি ৩জন জামানত হারিয়েছেন।

এদের মধ্যে লাঙ্গল প্রতিকের জহুরুল ইসলাম পেয়েছেন ৩ হাজার ১৩৯ ভোট, জাসদ মনোনীত মশাল প্রতিকের বীর মুক্তিযোদ্ধা সাইফুল ইসলাম ৬০৫ এবং বিএনএম মনোনীত নোঙ্গর প্রতিকের সবুজ আলী পেয়েছেন ৫৯১ ভোট।

সিরাজগঞ্জ-২- আসনে (সিরাজগঞ্জ সদরের একাংশ ও কামারখন্দ) মোট বৈধ ভোট পড়েছে ১ লাখ ৯৩ হাজার ৯৯১। ৫জন প্রার্থীর মধ্যে নৌকা প্রতিকের ড. জান্নাত আরা তালুকদার হেনরী ১ লাখ ৮৪ হাজার ৮৫৮ ভোট পেয়ে প্রথম রারের মত সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন।বাকি ৪জন জামানত হারিয়েছেন। এদের মধ্যে জাতীয় পার্টির মনোনীত লাঙ্গল প্রতিকের আমিনুল ইসলাম ঝন্টু পেয়েছেন ৪ হাজার ৫৮০ ভোট, জাকের পার্টি মনোনীত আব্দুর রুবেল সরকার পেয়েছেন ২ হাজার ১৫ ভোট, তৃণমূল বিএনপি মনোনীত সোহেল রানা সোনালী আঁশ প্রতিকে পেয়েছেন ১ হাজার ৬৯৭ ভোট এবং ওর্য়ার্কাস পার্টির মনোনীত সাদাকাত হোসেন খান বাবুল হাতুরী প্রতিকে পেয়েছেন ৮৪১ ভোট। সিরাজগঞ্জ-৩ আসনে (রায়গঞ্জ-তাড়াশ) মোট বৈধ ভোটের সংখ্যা ১ লাখ ৬ হাজার ১৯৬।

৫জন প্রার্থীর মধ্যে নৌকা প্রতিকের ডাঃ আব্দুল আজিজ ১ লাখ ১৭ হাজার ৬৪২ ভোট পেয়ে টানা দ্বিতীয় বারের মত সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন।

তার নিকটতম প্রতিদ্বন্দ্বি ঈগল প্রতিকের স্বতন্ত্র প্রার্থী কৃষক লীগ নেতা কৃষিবিদ সাখাওয়াত হোসেন সুইট পেয়েছেন ৪৪ হাজার ৭০৮ ভোট। বাকি ৩জন জামানত হারিয়েছেন। এদের মধ্যে স্বতন্ত্র প্রার্থী নুরুল ইসলাম ট্রাক প্রতিকে পেয়েছেন ১ হাজার ৬৮৫ ভোট, জাতীয় পার্টির জাকির হোসেন লাঙ্গল প্রতিকে পেয়েছেন ১ হাজার ২৪৫ ভোট এবং বিএনএম মনোনীত নোঙ্গর প্রতিকের গোলাম মোস্তফা পেয়েছেন ৯১৬ ভোট।

সিরাজগঞ্জ-৪ আসনে (উল্লাপাড়া) মোট বৈধ ভোটের সংখ্যা ২ লাখ ৩০ হাজার ৬৭। নৌকা প্রতিকের নতুন মুখ গাজী শফিকুল ইসলাম শফি ২ লাখ ২০ হাজার ১৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। বাকি দুইজন জামানত হারিয়েছেন। এদের মধ্যে জাতীয় পার্টির লাঙ্গল প্রতিকের হিল্টন প্রামানিক ৭ হাজার ৮৮ ভোট এবং জাসদ মনোনীত মশাল প্রতিকের মোস্তফা কামাল বকুল ২ হাজার ৯৬৪ ভোট পেয়েছেন। সিরাজগঞ্জ-৫ আসনে মোট বৈধ ভোট পড়েছে ১ লাখ ৫৩ হাজার ৪২০। ৬জন প্রার্থীর মধ্যে নৌকা প্রতিকের আব্দুল মমিন মন্ডল ৭৭ হাজার ৪২২ ভোট পেয়ে দ্বিতীয়বারের মত সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি ঈগল প্রতিকের স্বতন্ত্র প্রার্থী সাবেক মন্ত্রী ও আওয়ামী লীগ নেতা আব্দুল লতিফ বিশ্বাস পেয়েছেন ৭৩ হাজার ১৮৩ ভোট। বাকি ৪জন জামানত হারিয়েছেন। এদের মধ্যে স্বতন্ত্র প্রার্থী কাঁচি প্রতিকের আব্দুল্লাহ আল মামুন ২ হাজার ২০০ ভোট, জাতীয় পার্টির মনোনীত লাঙ্গল প্রতিকের ফজলুল হক ২৬৯ ভোট, বিএনএম মনোনীত নোঙ্গর প্রতিকের আব্দুল হাকিম ২১৩ ভোট এবং কৃষক শ্রমিক জনতা লীগ মনোনীত গামছা প্রতিকের নুরুল হক পেয়েছেন ১৩৩ ভোট।সিরাজগঞ্জ-৬ আসনে মোট বৈধ ভোট পড়েছে ১ লাখ ৫৭ হাজার ৩৭৫। ৮জন প্রার্থীর মধ্যে নৌকা প্রতিকের নতুন মুখ চয়ন ইসলাম ১ লাখ ২৮ হাজার ৮৯০ ভোট পেয়ে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি ঈগল প্রতিকের স্বতন্ত্র প্রার্থী সাবেক মেয়র ও আওয়ামী লীগ নেতা হালিমুল হক মিরু ২৫ হাজার ৬৭৬ ভোট পেয়েছেন। বাকি ৬জন প্রার্থী জামানত হারিয়েছেন। এদের মধ্যে বিএসপি মনোনীত একতারা প্রতিকের কাজী মোঃ আলামিন পেয়েছেন ২৪৩ ভোট, তৃণমূল বিএনপির তারিকুল ইসলাম সোনালী আঁশ প্রতিকে ৩৭৮ ভোট, বিএনএম মনোনীত মোহাম্মদ শামীম নোঙ্গর প্রতিকে ২১১ ভোট, জাতীয় পার্টির লাঙ্গল প্রতিকের প্রার্থী মোক্তার হোসেন ৭০৭ ভোট, জাসদের মোজাম্মেল হক মশাল প্রতিকে ৯৫২ ভোট ও ওর্য়ার্কাস পার্টির রেজাউল করিম খান হাতুড়ি প্রতিকে পেয়েছেন ৩০৮ ভোট।

শাহজাদপুরে আগুনে পুড়ে

খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি টিম উপস্থিত হয়ে প্রায় ২ ঘন্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। এ আগুনের ঘটনায় নগদ অর্থসহ দোকানে থাকা মালামাল পুড়ে প্রায় কোটি টাকা ক্ষতি হয়েছে বলে জানিয়েছে দোকান মালিক আনন্দ কুমার ঘোষ।

মঙ্গলবার সকালে সরেজমিনে গেলে এলাকাবাসী ও দোকান মালিক আনন্দ কুমার ঘোষ জানান- সোমবার দিবাগত রাত দেড়টার দিকে দোকানে আগুন লাগে।

মূহুর্তের মধ্যে আগুনের লেলিহান শিখা ফিনকি দিয়ে বের হতে থাকে দোকানের ভিতর থেকে। পরে ফায়ার সার্ভিসকে খবর দিলে রাত ২টার দিকে এসে আগুন নিয়ন্ত্রণে আনে। ততক্ষণে দোকানের মালামাল পুড়ে ছাঁই হয়ে গেছে। এ ভয়াবহ আগুনে অন্তত এক কোটি টাকার ক্ষতি হয়েছে। এ বিষয়ে শাহজাদপুর ফায়ার সার্ভিসের ফায়ার ইনস্পেক্টর রেজাউল করীম জানান- 'রাত দেড়টার দিকে পোরজনা বাজারে একটি মুদি দোকানে আগুন লাগে। খবর পেয়ে ২টার দিকে সেখানে উপস্থিত হয়ে ২ ঘন্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আসে। প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে বৈদ্যতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হতে পারে। তবে ক্ষয়ক্ষতির পরিমাণ এখনো নিরুপন করা যায়নি।

সিরাজগঞ্জ পৌরসভার সকল

প্লেটে। সিরাজগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নব-নির্বাচিত পরিচালক ও ১০ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাবেক কাউন্সিলর আব্দুস সাত্তারের সৌজন্যে এ পিটুলী উৎসবের আয়োজন করা হয়।

প্রথম আলো সাবেক

প্রথম আলো বন্ধুসভার সাধারণ সম্পাদক আঃ মুনছুর রাব্বি, সাংগঠনিক সম্পাদক মো. নাঈম সেখ, যুগ্ম - সাধারণ সম্পাদক সাথী খাতুন, মো. সাব্বির হোসেন, তথ্য ও যোগাযোগ সম্পাদক জুনায়েদ বাবু, প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক আনন্দ কুমার সরকার, সাংগঠনিক সম্পাদক রাসেল আহমেদ, সদস্য মনজুরুল আলম রুবেল, মরহুমের আত্মার মাগফেরাত কামনা দোয়া পবিচালনা করেন জ্ঞানদায়িনী উচ্চ বিদ্যালয় জামে মসজিদের পেশ ইমামও খতিব হাফেজ মুফতি মাওলানা মো. আইয়ুব আলী, স্মরণ সভা অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রথম আলো বন্ধু সভা সন্মানিত উপদেষ্টা মো. আবুল কাসেম।

সিরাজগঞ্জ ও পাবনায় সেনাবাহিনীর

মাঠে ১১ আর্টিলারি ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল সূফী মোঃ আতাউর রহমান ও ৬ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির অধিনায়ক লেঃ কর্ণেল মোঃ ইমরান হোসেনের উপস্থিতিতে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়। সুবিধাভোগীরা সেনাবাহিনীর এ মানবিক কার্যক্রমে কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

দ্বিতীয় বারে সংসদ

কাজ করেছেন। এলাকার সকলেই আমাকে ভোট দিয়েছেন। বিপুল ভোটে নৌকার বিজয় নিশ্চিত করেছেন। এজন্য আমি আপনাদের সবার কাছে কৃতজ্ঞ।

এ সময় আরও বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের সাবেক (ভারপ্রাপ্ত) সভাপতি গাজী দেলখোশ আলী প্রমানিক, উপজেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ন-সাধারণ সম্পাদক আতাউর রহমান রতন, সাবেক কার্যকারী সদস্য ইঞ্জিনিয়ার আমিনুল ইসলামসহ সর্বস্তরের জনসাধারণ উপস্থিত ছিলেন।

বেলকুচিতে পত্রিকার এজেন্ট

হস্তক্ষেপে অবশেষে এ বিষয়ে থানায় মামলা নেয়া হয়। দৌলতকে বাদ রেখে পুত্র মোমিন বাদী হয়ে মামলা করেন। এর আগে সকালে দৌলত স্বশরীরে এজাহার দিতে গেলে কৌশলে তা জিডি আকারে এন্ট্রি করেন ওসি।

এরপর পুলিশ সুপারের হস্তক্ষেপে বিশেষ নিরাপত্তায় বাবা-ছেলেকে দ্বিতীয় দফা থানায় ডেকে নেয়া হয়। দৌলত মন্ডল বাদী হতে চাইলেও আইনগত জটিলতায় ওসির পরামর্শে শেষ পর্যন্ত বাদী হন মোমিন। মামলা হলেও বেলকুচি উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান ইউসুফ আলী শেখসহ অপরাধীরা অধরা। নির্বাচন পরবর্তী সহিংসতায় বেলকুচির সমেশপুর, চালা, চরচালা, জিধুরী, তামাই, ভাঙ্গাবাড়ি, এনায়েতপুর, বেতিল ও খামারগ্রামে ঈগল প্রতিকের দু'ডজন সমর্থকদের ওপর মারপীট ও বাড়ি ভাঙ্চুরের ঘটনা ঘটেছে।

এ মামলার এজাহারে জানা যায়, দৌলত মন্ডল রাজনীতির সাথে জড়িত না হলেও তার বড় ছেলে কনফেকশনারী ব্যবসায়ী মোমিন মন্ডল ও ছোট ছেলে বেলকুচি পৌরসভার অফিস সহকারী নাবিন মন্ডল সিরাজগঞ্জ-৫ (বেলকুচি-চৌহালী) আসনে ঈগল প্রতিকে স্বতন্ত্র প্রার্থী সাবেকমন্ত্রী লতিফ বিশ্বাসের সমর্থক ছিলেন। নির্বাচনে বিজয়ী হন নৌকার প্রার্থী আব্দুল মমিন মন্ডল এমপি।

জয়-পরাজয়ের পরদিন সোমবার দৌলত মন্ডলের ছোট ছেলেকে প্রান নাশের হুমকী দেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ইউসুফ আলী ও তার দলবল। মঙ্গলবার সকাল ১০টায় বেলকুচি আদালত পাড়ায় পত্রিকা বিক্রির সময় তার বাবা দৌলত মন্ডলকে বাড়ি ছেড়ে চলে যাবার হুমকী-ধামকী দেন উপজেলা ভাইস চেয়ারম্যান ইউসুফ আলী। এরপর চালার কুন্দুর কোয়ার্টারে ভাড়ার বাড়িতে গিয়ে দৌলত মন্ডল ও তার বড় ছেলে মোমিন মন্ডলকে পরিবার ও প্রতিবেশীর সামনেই মারপীট করেন ইউসুফ ও তার লোকজন।

এদিকে, মঙ্গলবার সকালে বেতিল ও খামারগ্রামে ঈগল সমর্থকদের ধাওয়া দিয়েছে নৌকার সমর্থকরা। বেতিল গ্রামের বিমল দাসের বাড়ি ভাংচুর, কামারপাড়া বুদ্দিন সরকারের দোকান খালে ফেলে দেয়া হয়। ওই দু'গ্রামের ঈগল সমর্থকরা ভয়ে পালিয়ে রয়েছেন।

দৌলত মন্ডল বলেন, 'এর আগে নৌকার প্রার্থীর সমর্থক সাবেক শ্রমিক নেতা মোতালেব আমার দু'ছেলেকে মারধোর করেন। ঐ ঘটনায় মামলা করলেও বেলকুচির সাবেক খায়রুল বাশার আসামীদের সাথে যোগসাজস করে মামলাটি নষ্ট করে দেন। মোতালেবসহ সকল আসামীকে অব্যাহতি দেয় পুলিশ।

আজ সকালে আমি ও আমার বড় ছেলেকে মারপীট করেন নৌকার সমর্থক উপজেলা ভাইস চেয়ারম্যান। মামলা না নিয়ে ওসি জিডি করেন। পরে সাংবাদিকদের কারনে মামলা নেয়া হয়। আশঙ্কা রয়েছে শ্রমিক নেতা মোতালেবের মত উপজেলা ভাইস চেয়ারম্যান ইউসুফ ওসির তদন্তে বাদ না পড়েন।'

মেয়র সাজ্জাদুল হক রেজা বলেন, 'বেলকুচিতে নির্বাচনের পর দৌলত মন্ডল ও তার ছেলে মোমিন এবং নাবিনসহ ঈগল সমর্থকদের ওপর অত্যাচার চলছে।' বেলকুচির সাবেক উপজেলা চেয়্যারম্যান নুরুল ইসলাম বলেন, 'বেলকুচির ওসি বর্তমান পেক্ষাপট সামাল দিতে পারছেন না।' উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক বেগম আশানুরবিশ্বাস বলেন, 'বেলকুচির ওসি আনিসুর রহমান শুরু থেকেই বিতর্কীত আচরন করছেন। সুবর্নসাড়া গ্রামে সম্প্রতি বোমা বিষ্ফোরনে সর্বহারা ও চরমপন্থী সদস্য কুষ্টিয়ার ফজলু খুনের রহস্য উন্মোচন তো দুরের কথা গত ২২ দিনে ঘটনার মুল আসামী সাবেক শ্রমিক নেতা মোতালেবকে ধরতে পারেনি পুলিশ।' ঈগল প্রতিকের প্রার্থী সাবেকমন্ত্রী আব্দুল লতিফ বিশ্বাস বলেন, 'বেলকুচির ওসি আনিছুরের কারনে নির্বাচন পরবর্তী সহিংসতা বেড়েছে।'

বেলকুচির ওসি আনিসুর রহমান বলেন, 'বাদীর লিখিত এজাহার অনুযায়ী মামলা হয়েছে। এর আগে তার বাবার জিডিও এন্ট্রিও করা হয়েছে।

আসামী গ্রেপ্তারের প্রক্রিয়া চলছে। বোমা বিস্ফোরণের ঘটনার আসামী মোতালেব সরকার কে খুঁজছে পুলিশ।' পুলিশ সুপার মোঃ আরিফুর রহমান মন্ডল সাংবাদিকদের বলেন, 'দৌলত মন্ডল ও তার ছেলে মোমিন মন্ডলকে মারপীটের ঘটনায় মামলা হয়েছে। মামলার আসামী গ্রেপ্তারের বিষয়ে থানার পাশাপাশি বেলকুচির সার্কেল এএসপি ও ডিবি পুলিশকেও দায়িত্ব দেয়া হয়েছে।'

নৌকার প্রার্থী এমপি মমিন মন্ডলের সমর্থক উপজেলা ভাইস চেয়ারম্যান ইউসুফ আলী সাংবাদিকদের বলেন, 'দৌলত মন্ডলের ছেলে মোমিন মন্ডল ইয়াবা সেবনকারী ও ছোট ছেলে নাবিন মন্ডল সন্ত্রাসী। ভোটের দিন তারা আমার ছেলেকে মারপীট করেছে। সেজন্য দৌলত মন্ডলের বাড়িতে গিয়ে পুলিশের সামনেই ছেলেদের নিয়ে এলাকা থেকে অন্যত্র চলে যেতে বলেছি। মামলার বিষয় অবগত নই।'

সহকারি শিক্ষক সমাজ

জানান। এসময় বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক সমাজ সিরাজগঞ্জ জেলা শাখার সভাপতি আশীষ কুমার ঘোষ সাধারন সম্পাদক কে এম সানোয়ার হোসেন, সদুর উপজেলার সভাপতি আমিনুল ইসলাম সাধারণ সম্পাদক মাসুদ রাব্বি সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ফুলেল শুভেচ্ছা কালে সংক্ষিপ্ত আলোচনা সভায় সংগঠনের পক্ষ থেকে সিরাজগঞ্জে এই প্রথম আলোড়ন সৃষ্টিকারী নারী নেত্রী নবনির্বাচিত সংসদ সদস্য ড. জান্নাত আরা হেনরী কে শিক্ষা মন্ত্রী অথবা সাংস্কৃতিক মন্ত্রী পদ দেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে আহ্বান করেন।

রঞ্জিত কুমার ঘোষের

করা হয়। তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন সিরাজগঞ্জ-৫ আসনের এমপি আব্দুল মমিন মন্ডল, থানা আওয়ামীলীগের সিনিয়র সহ সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান রাশেদুল ইসলাম সিরাজ, স্থানীয় ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলম জাহিদ সহ অন্যান্য নেতৃবৃন্দ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো এমপিও নীতিমালা-২০২১ এর সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক পাইকপাড়া মডেল হাইস্কুল, ডাকঘর-বনবাড়ীয়া, উপজেলা-সিরাজগঞ্জ সদর, জেলা-সিরাজগঞ্জ এ (শিক্ষা মন্ত্রণালয়ের তালিকাভুক্ত প্রতিষ্ঠানে বৃত্তিমূলক/ভোকেশনাল ট্রেড কোর্স অনুমোদন প্রাপ্ত) এস.এস.সি (ভোকেশনাল শাখা) ট্রেড এ্যাসিসটেন্ট (জেনারেল ইলেকট্রনিক্স ওয়ার্কস) ও (ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি) পদে ০১ (এক) জন করে লোক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদের কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেডে এইচএসসি (ভোকেশনাল)/(ব্যবসায় ব্যবস্থাপনা) ২য় বিভাগ (সমমান সিজিপিএ) সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণ যোগ্য হবে না। বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, দুই কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ ১০০০/- টাকার ব্যাংক ড্রাফট জনতা ব্যাংক মাসুমপুর শাখার অনুকূলে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবরে আবেদন করতে হবে।

প্রধান শিক্ষক
পাইকপাড়া মডেল হাইস্কুল
বনবাড়ীয়া, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

Scanned with ACE Scanner